



KATWA COLLEGE

(Affiliated to the University of Burdwan)

P.O.: Katwa, Dist.: Purba Bardhaman, West Bengal, 713130, India

Ref:

Date- 16/03/2021

বিজ্ঞপ্তি

সেমেস্টার ৫ সমস্ত পরীক্ষার্থীদের জন্য

১। সেমেস্টার ৫ এর চূড়ান্ত পরীক্ষা বিশ্ববিদ্যালয় নির্ধারিত নির্দিষ্ট দিন ও সময়সারণী অনুযায়ী অনলাইন মোডে হবে। পরীক্ষার্থীরা ঘরে বসে কলেজ ও বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট এর মাধ্যমে প্রশ্নপত্র দেখতে ও ডাউনলোড করতে পারবে, উত্তর লিখবে এবং নির্দিষ্ট ঠিকানার ই-মেল এ উত্তরপত্র পাঠাবে।

২। প্রত্যেক পরীক্ষার্থীর সাধারণভাবে নিজস্ব ই-মেল আইডি ব্যবহার করা বাঞ্ছনীয় যেটা থেকে নির্দিষ্ট ইমেল আইডিতে তারা উত্তরপত্র প্রেরণ করবে।

৩। বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি অনুসারে পরীক্ষার্থীকে নিজস্ব অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে হবে। পরীক্ষার্থীর নামে অ্যাডমিট কার্ড ছাড়া তার পরীক্ষা বাতিল বলে গন্য হবে ও সেই পরীক্ষার কোন ফলপ্রকাশ হবে না। পরীক্ষার্থীরা কেবলমাত্র সেই বিষয়েই পরীক্ষা দিতে পারবে যা তাদের অ্যাডমিট কার্ড এ উল্লিখিত আছে। অনুল্লিখিত কোন পত্র বা বিষয়ে পরীক্ষা দিলে তা বাতিল বলে গন্য করা হবে।

৪। বিশ্ববিদ্যালয় ও কলেজ ওয়েবসাইট থেকে প্রাপ্ত উত্তরপত্রের প্রথম পাতার প্রিন্ট - আউট, / ফটোকপি প্রতিটি পত্রের উত্তরের প্রথম পাতা হিসাবে ব্যবহার করতে হবে। পরীক্ষার্থীর রোল নং, রেজিস্ট্রেশন নম্বর, কোর্স/ পত্র ও বিষয় অত্যন্ত সাবধানতার সঙ্গে নিভুলভাবে ভরতে হবে। প্রথম পাতা সম্পূর্ণভাবে ভরা না থাকলে উত্তরপত্র অসম্পূর্ণ বলে বিবেচিত করা হবে।

৫। প্রশ্নপত্র কলেজ ও বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট এ পরীক্ষা আবেদনের আধ ঘন্টা আগে পাওয়া যাবে।

৬। পরীক্ষার্থীদের নিজের হাতে লেখা উত্তরপত্রের একটি PDF FILE নির্ধারিত ই-মেল আইডিতে নির্দিষ্ট সময়ের মধ্যে পাঠাতে হবে। PDF এ প্রথমে সামনের পাতা তারপর পৃষ্ঠা সংখ্যা ক্রমানুযায়ী সাজানো থাকবে। অন্ধ - বিকলঙ্গ পরীক্ষার্থীরা কলেজের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের কাছে অনুলেখকের জন্য অনুমতি নিতে পারে। উত্তরপত্র পাঠানোর সময়ে সঠিক ই-মেল আইডি টাইপ করার সময়ে অত্যন্ত সতর্কতা অবলম্বন করতে হবে। পরীক্ষার্থীরা পরীক্ষায় নির্দিষ্ট সময়ের পূর্বে আধ ঘন্টা পাবে প্রশ্নপত্র ডাউনলোড করার জন্য আর পরীক্ষা পর আধ ঘন্টা পাবে উত্তর পত্রের PDF FILE পাঠানোর জন্য।

৭। উত্তর পত্রের প্রতি পাতায় পৃষ্ঠা সংখ্যা উল্লেখ করতে হবে। সেগুলিকে ক্রমানুযায়ী সাজিয়ে স্ক্যান/ ছবি একটি PDF FILE তৈরী করতে হবে PDF Documents এর নাম হবে পরীক্ষার্থীর রোল নং এবং Mail Attachment রূপে নির্দিষ্ট মেল আইডিতে পাঠাতে হবে। মেল এর বিষয় এ পরীক্ষা বিষয় এবং কোর্স / পত্র লিখতে হবে। যারা উত্তরপত্র অনলাইন সাবমিট করতে ব্যর্থ হবে উপযুক্ত প্রমাণ দেখিয়ে এবং অ্যাডমিট কার্ড দেখিয়ে নির্দিষ্ট সময়ের পরীক্ষা সমাপ্তির আধঘন্টার মধ্যে কলেজে এসে খাতা জমা দিতে পারবে।

৮। পরীক্ষার পবিত্রতা রক্ষা এবং নিয়মপালন সংক্রান্ত প্রতিশ্রুতিরূপে পরীক্ষার্থীদের প্রথম পাতায় সাক্ষর করতে হবে। উত্তরপত্র প্রেরনের মেল এর Screenshot পরীক্ষার্থীদের রাখতে হবে যাতে যান্ত্রিক কারনে মেল পরে পৌঁছলে প্রেরণের সঠিক সময়ে প্রমাণ হিসাবে কাজ করবে।

৯। পরীক্ষার্থীরা ঘরে বসে পরীক্ষা দিলেও যদি পরীক্ষা ব্যবস্থার পবিত্রতা ভঙ্গ হয় তবে পরীক্ষকের প্রতিবেদন এর ভিত্তিতে পরীক্ষার্থীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া যেতে পারে।

১০। সকল পরীক্ষার্থীদের কেবলমাত্র ইমেল দ্বারাই উত্তরপত্র প্রেরণ করতে হবে। যদি বারবার চেষ্টার পরও ইমেল প্রেরন সফল না হয় শুধুমাত্র সেই পরিস্থিতিতেই পরীক্ষার্থী কলেজে খাতা জমা দিতে পারবে ইমেল প্রেরণে

ব্যর্থতার কারন দর্শানো ও তার সপক্ষে উপযুক্ত প্রমান দেখানোর পর সেক্ষেত্রে পরীক্ষার্থীকে অবশ্যই অ্যাডমিট কার্ড সঙ্গে আনতে হবে। অ্যাডমিট কার্ড ছাড়া কোন পরীক্ষার্থীর খাতা কলেজে নেওয়া হবে না। এবং নির্দিষ্ট সময়ের মধ্যে (পরীক্ষা সমাপ্তির আধঘন্টা) জমা দিতে হবে। আধঘন্টার পর কলেজ প্রাঙ্গনে কোনো পরীক্ষার্থীকে প্রবেশ করতে দেওয়া হবে না। যদি এই সময়ের মধ্যে উত্তরপত্র ইমেল এর মাধ্যমে / সশরীরে জমা না পড়ে তাহলে সেই পরীক্ষার্থীকে অনুস্পস্থিত (ABSENT) বলে গন্য করা হবে।

বিশেষ দ্রষ্টব্য: সশরীরে কোনো পরীক্ষার্থী কলেজে উত্তরপত্র জমা দিতে এলে করোনা সম্পর্কীয় সাস্থ্যবিধি পালন করে কলেজে প্রবেশ করতে হবে - যথা মাস্ক (MASK) ও হ্যান্ড স্যানিটাইজার (HAND SANITIZER) আনতে হবে এবং সামাজিক দুরত্ববিধি (SOCIAL DISTANCE) রক্ষা করতে হবে।

নির্মলেন্দু সরকার

অধ্যক্ষ,
কাটোয়া কলেজ